গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী: জানুয়ারি ২০২৫

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ: ০৪ ফেব্রুয়ারি, ২০২৫ সময়: ০৩:৩০ ঘটিকা
স্থান: প্রকল্প সমন্বয়কের অফিসকক্ষ, ৫ম তলা হাজিরা: পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিগত জানুয়ারি মাসের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য কমিউনিকেশন অফিসারকে অনুরোধ জানান। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কাজের সংক্ষিপ্ত বর্ণনা, বিগত মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্টের সম্ভাব্য আউটকাম, চলমান এবং পরবর্তী কার্যক্রম বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | স্বেছাসেবক তালিকা হালনাগাদ | স্বেছাসেবকদের মধ্যে এক-তৃতীয়াংশ নারী সদস্য রেখে সকল ওয়ার্ডের তালিকা হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। | স্বেছাসেবকদের প্রশিক্ষণের সময়সীমা বিবেচনায় রেখে আগামী ১৫ ফেব্রুয়ারির মধ্যে তালিকা হালনাগাদ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৩। | স্বেছাসেবক প্রশিক্ষণ কার্যক্রম | ইতোমধ্যে কুড়িগ্রাম জেলার ফুলবাড়ি, কুড়িগ্রাম সদর এবং রাজারহাট উপজেলায় মোট তিন ব্যাচ প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>এই কার্যক্রমের অধীনে সকল প্রশিক্ষণ সমূহ আগামী মার্চ-এপ্রিলের মধ্যে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | আগামী ১৫ এপ্রিলের মধ্যে ১৯ উপজেলার স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট ও রিজিওনাল কোঅর্ডিনেটর |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৪। | বন্যার আগাম সতর্কতা ও ঝুঁকি ব্যবস্থাপনা ও ডিএমসি পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ | কুড়িগ্রামের চর রাজিবপুর উপজেলায় বন্যার আগাম সতর্কতা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা এবং একই সাথে চর রাজিবপুর ও রৌমারি উপজেলায় ডিএমসি পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | ফেব্রুয়ারি মাসের মধ্যে অবশিষ্ট প্রশিক্ষণগুলো সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট, আইসিটি স্পেশালিস্ট ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৫। | Post-monsoon assessment | জানুয়ারি মাসে অনুষ্ঠিত Technical Advisory Committee'র সভা এবং অংশীজনদের আলোচনা সভা থেকে প্রাপ্ত মতামতের উপর ভিত্তি করে প্রশ্নমালা হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। | সভার আলোচনা ও ইমেইলে প্রাপ্ত মতামতগুলোর একটি তালিকা তৈরি করতে হবে এবং তার উপর ভিত্তি করে জরিপের জন্য প্রস্তুতকৃত প্রশ্নমালা চূড়ান্ত করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও জিআইএস স্পেশালিস্ট |
| ০৬। | গেজ রিডার প্রশিক্ষণ | প্রকল্প হতে স্থাপিত ল্যান্ড গেজসমূহ থেকে আগামী বন্যা মৌসুমে রিডিং নেওয়ার জন্য গেজ রিডারদের প্রশিক্ষণ দেওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী ১৫ মার্চের মধ্যে গেজ রিডারদের প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার ও জিআইএস স্পেশালিস্ট |
| ০৭। | পানি-সমতল গেজ স্থাপন | কুড়িগ্রামের চর রাজিবপুর উপজেলায় পানি-সমতল গেজ স্থাপনের জন্য সম্ভাব্য স্থান পরিদর্শন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | কুড়িগ্রামের চর রাজিবপুর উপজেলায় পানি সমতল গেজ স্থাপনের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বরাবর পত্র প্রেরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জিআইএস স্পেশালিস্ট ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৮। | উপজেলা পরিষদে KIOSK ড্যাশবোর্ড স্থাপন | এ বছরের বন্যা মৌসুমের পূর্বেই উপজেলা পরিষদসমূহে KIOSK ড্যাশবোর্ড স্থাপন এবং প্রয়োজনীয় নির্দেশনা সম্বলিত পত্র প্রেরণের মাধ্যমে দ্রুত পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | কিয়স্ক ড্যাশবোর্ডের ব্যবহার বিধি ও নির্দেশনা সম্বলিত পত্র পেরণপূর্বক দ্রুত উপজেলা পরিষদসমূহে কিয়স্ক ড্যাশবোর্ড স্থাপনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট |

০৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৩১ তারিখ: ১০-০২-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।

০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (GIS ও RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।

০৫। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৩। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট (প্রকল্প সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫। অফিস কপি/ গার্ড ফাইল।

১০/02/2025

(মোঃ হাফিজুর রহমান)
উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস/আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট